

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
পার-১ অধিশাখা
www.mefwd.gov.bd

স্মারক নং-৫৯.০০.০০.১০৯.১৬.০৪৯.২২-১১৫

তারিখঃ ০৭ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়ঃ খুলনা মেডিকেল কলেজ, খুলনা পরিদর্শন প্রতিবেদন।

পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবি : মল্লিকা খাতুন
যুগ্মসচিব (পারসোনেল-১), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
পরিদর্শনকৃত প্রতিষ্ঠানের নাম : খুলনা মেডিকেল কলেজ, খুলনা
পরিদর্শনের তারিখ ও সময় : ২২ জানুয়ারি ২০২৩, বেলা ২.০০ টা

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাধীন খুলনা মেডিকেল কলেজ, খুলনা ২২ জানুয়ারি ২০২৩ তারিখে নিম্নস্বাক্ষরকারী কর্তৃক পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অধ্যক্ষ, উপাধ্যক্ষ, শিক্ষকমন্ডলী ও অন্যান্য কর্মচারীগণ উপস্থিত ছিলেন। প্রতিষ্ঠানের অবকাঠামো, শ্রেণীকক্ষের সুবিধাদি, শিক্ষক ও শিক্ষার্থীদের আবাসন সুবিধাদিসহ অন্যান্য প্রাসঙ্গিক বিষয়াদি সরেজমিন পরিদর্শন করা হয়। পরিদর্শনে প্রাপ্ত তথ্যাদি নিম্নরূপ:

- ১। প্রতিষ্ঠা ও আসনসংখ্যা: খুলনা বিভাগের মধ্যে প্রথম সরকারী মেডিকেল কলেজ হিসাবে ১৯৯২ সালে ৪০.২৫ একর জমির উপর এ শিক্ষা প্রতিষ্ঠানটি প্রতিষ্ঠিত হয়। প্রথমে ৫০টি আসন দিয়ে একাডেমিক কার্যক্রম আরম্ভ করে বর্তমানে স্নাতক পর্যায়ে প্রায় ৯০০ ছাত্রছাত্রীর পাশাপাশি স্নাতকোত্তর পর্যায়ের প্রশিক্ষণও প্রদান করা হচ্ছে। এছাড়াও এখানে চিকিৎসা বিজ্ঞানের বিভিন্ন বিষয়ে স্বল্পকালীন কোর্স ও প্রশিক্ষণ চালু আছে।
- ২। অবকাঠামো: খুলনা মেডিকেল কলেজ, খুলনা এর একটি একাডেমিক ভবনে শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও মেডিকেল কলেজে প্রবেশের মেইন গেইট ও অভ্যন্তরীণ চলাচলের রাস্তা সংস্কারের জন্য স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের মাধ্যমে বিভাগে প্রস্তাব প্রেরণ করা হয়েছে বলে অধ্যক্ষ অবহিত করেন।
- ৩। জনবল: খুলনা মেডিকেল কলেজ বিষয়ভিত্তিক শিক্ষকের সংকট রয়েছে মর্মে দেখা যায়। বিশেষ করে বেসিক বিষয়ে শিক্ষকের অপ্রতুলতার কারণে একাডেমিক কার্যক্রম পরিচালনা করা কষ্টসাধ্য হচ্ছে বলে অধ্যক্ষ অবহিত করেন। ফিজিক্যাল মেডিসিন ও রক্ত পরিসঞ্চালন বিভাগে কোনো শিক্ষক নেই মর্মে দেখা যায়। এসব বিষয়সহ বেসিক ও ক্লিনিক্যাল বিষয়সমূহে জরুরি ভিত্তিতে শিক্ষক পদায়ন করা প্রয়োজন।
- ৪। হোস্টেল ব্যবস্থাপনা: শিক্ষক ও শিক্ষার্থীদের আবাসন ব্যবস্থার সংকট রয়েছে। ছাত্র ও ছাত্রীদের জন্য একটি করে হল রয়েছে যা জরুরি ভিত্তিতে সংস্কার করা প্রয়োজন। এছাড়াও শিক্ষার্থী সংখ্যা বৃদ্ধি পাওয়ায় নতুন হোস্টেল নির্মাণ করা প্রয়োজন।


৫। সার্বিক মতামত/সুপারিশ:

(ক) একাডেমিক কার্যক্রম যথাযথভাবে পরিচালনার জন্য বেসিক ও ক্লিনিক্যাল বিষয়সমূহে জরুরী ভিত্তিতে শিক্ষক পদায়ন করতে হবে;

(খ) হোস্টেল ভবনসমূহ জরুরী ভিত্তিতে সংস্কার এবং শিক্ষার্থী সংখ্যা বৃদ্ধি পাওয়ায় নতুন হোস্টেল নির্মাণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে ;

(গ) মেডিকেল কলেজে প্রবেশের মেইন গেইট ও অভ্যন্তরীণ চলাচলের রাস্তা সংস্কারের প্রস্তাবের অগ্রগতি পর্যালোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে; এবং

(ঘ) মেডিকেল কলেজে কর্মরত শিক্ষকগণের হাসপাতালে স্বাস্থ্যসেবা কার্যক্রম অব্যাহত রাখতে হবে।


(মল্লিকা খাতুন)
যুগ্মসচিব

ফোন: ৫৫২০০৭৯৫

Email: perl@mefwd.gov.bd

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

০১। মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা

০২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০৩। অধ্যক্ষ, খুলনা মেডিকেল কলেজ, খুলনা

০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০৫। প্রোগ্রামার, কম্পিউটার সেল, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

০৬। যুগ্মসচিব (পারসোনেল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।